



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

স্মারক নং- ২৫.৩৯.০০০০.০৪৬.০০.ইঃনিঃনিঃ-১৪৩/২০২৪-১৩৫৩

তারিখ- ১৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি।

নিবন্ধন সনদ

নিবন্ধন সনদ নম্বর : RAJUK/DC/REDMR-001349/25

রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮নং আইন) এর ধারা ৫ এর উপধারা (৫) এর প্রদত্ত ক্ষমতাবলে রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনার নিমিত্ত নিম্নবর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে অত্র নিবন্ধন সনদটি ইস্যু করা হলো।

প্রতিষ্ঠানের নাম : এন ডি ই ইনফ্রা রিয়েল এস্টেট লিমিটেড

চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক : মোঃ আশরাফ উদ্দিন সরকার

শর্তাবলী

- (ক) এই নিবন্ধন সনদ ১৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ হতে ০৫ (পাঁচ) বছর কার্যকর থাকবে। নিবন্ধন সনদ নবায়ন করতে হলে উক্ত কার্যকারিতার মেয়াদ শেষ হওয়ার অন্ত্যন ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন করতে হবে।
- (খ) প্রযোজ্য ক্ষেত্রে আইন এবং রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর বিধান অনুযায়ী রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প অনুমোদন, সংশোধন, নবায়ন ও লে-আউট প্ল্যান প্রণয়ন, বেসরকারি আবাসিক প্রকল্প অনুমোদন সংশ্লিষ্ট সকল কার্য ইত্যাদির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুমোদন গ্রহণ ব্যতীত এই নিবন্ধন কোনরূপ উন্নয়ন বা নির্মাণ কাজের জন্য কোন বৈধ ক্ষমতা প্রদান করে না এবং প্রকল্পের অনুমোদন ব্যতীত প্রকল্প সংক্রান্ত কোন প্রকার বিজ্ঞাপন পত্র-পত্রিকায়, সাইন বোর্ড/বিল বোর্ড বা ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রদান/প্রচার-প্রচারণা চালানো যাবে না। এ ধরনের বিধি বহির্ভূত কার্যক্রম গ্রহণ করলে কর্তৃপক্ষ অত্র নিবন্ধন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- (গ) প্রকল্প গ্রহণের সময় প্রযোজ্য ক্ষেত্রে আইন এবং রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে আবেদন এবং কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
- (ঘ) প্রকল্পের যাবতীয় উন্নয়ন মহানগরী, বিভাগীয় শহর এবং জেলা শহরে পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ (২০০০ সনের ৩৬নং আইন), বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪; Bangladesh National Building Code (BNBC), 2020; রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং উক্ত আইনের অধীন প্রণীত বিধিতে বর্ণিত আইন ও বিধি-বিধান এবং বিধিমালায় উল্লিখিত অন্যান্য প্রযোজ্য আইন ও বিধি-বিধান অনুসরণে বাস্তবায়ন করতে হবে।
- (ঙ) ইমারত নির্মাণ সংক্রান্ত প্রযোজ্য সকল আইন, বিধি এবং বিধান প্রতিপালন করতঃ রিয়েল এস্টেট ডেভেলপার হিসাবে আপনাকে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং তদাধীন প্রণীত বিধি-বিধান, আদেশ ইত্যাদি প্রতিপালন করতে হবে।

নিবন্ধনকারী কর্মকর্তার স্বাক্ষর



(মোহাম্মদ মনিরুল হক)

পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

